

লিঙ্গ-ভিত্তিক হিংসার বিরুদ্ধে 16 দিনের কর্মসূচি

2022 টুলকিট

প্রতিটা বোঝাতেই লিঙ্গ-ভিত্তিক
হিংসা বন্ধ করুন

16 লিঙ্গ-ভিত্তিক হিংসার বিরুদ্ধে
দিনের কর্মসূচি 

NYC

লিঙ্গ-ভিত্তিক পারিবারিক
হিংসা বন্ধ মেয়রের দপ্তর
Bengali

NYC

লিঙ্গ-সমতা বিশ্বকে
কমিশন

 সমতা
হিংসার বিরুদ্ধে
NYC

WWW.NYC.GOV/16DAYS

বিষয়সূচি

লিঙ্গ-ভিত্তিক হিংসার বিরুদ্ধে 16 দিনের কর্মসূচি অভিযান আসলে কী?.....	3
প্রতিটা বোরোতেই লিঙ্গ-ভিত্তিক হিংসা বন্ধ করুন	3
অবহিত হোন.....	4
লিঙ্গ-ভিত্তিক হিংসা (Gender-Based Violence, GBV) কী?	4
GBV স্বরূপ কেমন?	4
GBV-এ কি সবসময় শারীরিক নির্যাতন জড়িয়ে থাকে?	4
NYC-তে কাদের GBV-র শিকার হবার প্রবল সম্ভাবনা রয়েছে, এবং কেন?	5
GBV-র ঘটনা কোথায় ঘটে?	5
পরিসংখ্যান: NYC-তে লিঙ্গ-ভিত্তিক হিংসা	6
জড়িত হোন.....	7
বার্তা ছড়িয়ে দিন	7
একটি অন্তর্ভুক্ত আবেদন যোগদান করুন বা তা সংগঠিত করুন	8
সক্ষমতা গড়ে তুলুন	8
লিঙ্গ-ভিত্তিক হিংসা বন্ধ করতে সাহায্য করার 10টি উপায়	8
তথ্যবাহ্যিককে সহায়তা করুন, তার কথা শুনুন এবং তার উপর বিশ্বাস রাখুন	9
সংস্থানসমূহ.....	10
NYC HOPE	10
NYC পারিবারিক ন্যায়বিচার কেন্দ্রসমূহ	11

লিঙ্গ-ভিত্তিক হিংসার বিরুদ্ধে 16 দিনের কর্মসূচি অভিযান আসলে কী?

লিঙ্গ-ভিত্তিক হিংসা (Gender-Based Violence, GBV)-র বিরুদ্ধে 16 দিনের কর্মসূচি হল 25শে নভেম্বর, মহিলাদের বিরুদ্ধে হিংসা দূরীকরণের আন্তর্জাতিক দিবস, থেকে শুরু করে 10ই ডিসেম্বর, মানবাধিকার দিবস, অবধি চলা একটি বাৎসরিক অভিযান। 1991 সালে এর প্রতিষ্ঠালগ্ন থেকেই GBV প্রতিরোধ ও দূরীকরণে এই অভিযান একটি আন্তর্জাতিক আন্দোলনের রূপ নিয়েছে।

NYC-র অভিযানের যৌথনেতৃত্বে রয়েছে পারিবারিক ও লিঙ্গ-ভিত্তিক হিংসা বন্ধে মেয়রের দপ্তর (End Domestic and Gender-Based Violence, ENDGBV), লিঙ্গ-সমতা বিষয়ক কমিশন (Commission on Gender Equity, CGE), এবং সমতা বিষয়ক মেয়রের দপ্তর (Mayor's Office of Equity, MOE), এবং তাদের সাথে সহযোগিতায় রয়েছে আমাদের সহযোগী প্রতিষ্ঠানগুলি ও নগর প্রশাসনের বিভিন্ন সংস্থাগুলি। এই অভিযান আন্তঃবিভাগীয়, যাতে একাধিক প্রকারের বৈষম্যগুলি কীভাবে একটি আরেকটির মধ্যে মিশে রয়েছে তাকে চিহ্নিত করে, এবং, বয়স, জাতিসত্তা/বর্ণ, বিশ্বাস, লৈঙ্গিক পরিচিতি বা প্রকাশ, অভিবাসনগত অবস্থা, শারীরিক ও মানসিক সক্ষমতা, যৌন অভিনুটি, এবং আর্থসামাজিক স্থিতি, নির্বিশেষে, অন্যান্য সংরক্ষিত শ্রেণিগুলি-সহ, সমস্ত ব্যক্তিদের বিরুদ্ধেই GBV বন্ধের ডাকা দেয়।

প্রতিটা বোরোতেই লিঙ্গ-ভিত্তিক হিংসা বন্ধ করুন

2022 সালের অভিযানের মূলভাব হল, "প্রতিটা বোরোতেই লিঙ্গ-ভিত্তিক হিংসা বন্ধ করুন", যা প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য, তাদের জনসমাজগুলির মধ্যে থেকে শুরু করে, GBV-র বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তাকে প্রতিফলিত করে।



অবহিত হোন

লিঙ্গ-ভিত্তিক হিংসা (GENDER-BASED VIOLENCE, GBV) কী?

GBV হল মানসিক, শারীরিক, মৌখিক, যৌন, অর্থনৈতিক, এবং/অথবা গঠনমূলক নির্যাতন যা দুটি ভিন্ন লিঙ্গের মানুষের অসম ক্ষমতার সম্পর্কগুলিতে শোষণের মধ্যে প্রাথিত থাকে।

GBV স্বরূপ কেমন?

GBV একাধিক স্বরূপ থাকে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, যদিও শুধু তাতেই সীমাবদ্ধ থাকে না:

- পারিবারিক হিংসা, অন্তর্গত সঙ্গী দ্বারা হিংসা, কিশোর-কিশোরীদের ডেটিংয়ে হওয়া হিংসা এবং পরিবারের সদস্যের দ্বারা হিংসা।
- বরিত্তদের নির্যাতন
- মহিলাদের যৌনাস হেদন/কাটা
- মানবপাচার, অর্থাৎ, যৌন ও শ্রমজনিত মানবপাচার
- প্রাতিষ্ঠানিক ও গঠনমূলক হিংসা, গর্ভপাতের সীমাবদ্ধতা বা বলপূর্বক বন্ধ্যাকরণ সমেত।
- অনলাইন হেনস্থা
- যৌন হিংসা, যৌন হেনস্থা ও নিপীড়ন
- পিছু নেওয়া
- রাষ্ট্রায় হেনস্থা

GBV-এ কি সবসময় শারীরিক নির্যাতন জড়িয়ে থাকে?

না, GBV-র ক্ষেত্রে এক বা একাধিক হিংসার স্বরূপ থাকতে পারে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- অর্থনৈতিক
- মানসিক বা শারীরিক
- প্রাতিষ্ঠানিক বা গঠনমূলক
- শারীরিক
- যৌন
- মৌখিক

NYC-তে কাদের GBV-র শিকার হবার প্রবল সম্ভাবনা রয়েছে, এবং কেন?

যে কোন পটভূমির যে কোন মানুষই GBV-র শিকার হতে পারেন, যদিও মেয়েরা, মহিলারা, এবং ট্রান্সজেন্ডার, লিঙ্গ অনিশ্চিত এবং উভয় লিঙ্গের প্রকাশ রয়েছে এমন (Transgender, Gender non-conforming and non-binary, TGNCNB) মানুষেরাই বেশি প্রভাবিত হয়ে থাকেন।

নিচে মিলেমিশে থাকা অত্যাচারে বিভিন্ন ব্যবস্থাতন্ত্রগুলির কারণে GBV-র শিকার হবার অধিকতর ঝুঁকিসম্পন্ন মানুষদের কিছু উদাহরণ দেওয়া হল, সম্ভ্রমতা বিষয়ক বৈষম্য, বয়সগত বৈষম্য, সমকামী থেকে ভয়, বর্ণবাদ, পুরুষ-প্রাধান্য, এবং তিনদেপীদের প্রতি ভয় সমেত:

- সমকামী মহিলা, সমকামী পুরুষ, উভকামী, এবং বিচিত্র (Lesbian, gay, bisexual, and queer, LGBQ) জনসমাজসমূহ
- অভিবাসী জনসমাজসমূহ
- দেশজ জনসমাজসমূহ
- প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিবর্গ
- অ-শ্বেতাঙ্গ মানুষজন
- তরুণ-তরুণী ও বয়স্ক ব্যক্তিবর্গ

GBV-র ঘটনা কোথায় ঘটে?

সব জায়গাই, তবে নিম্নোক্ত স্থান ও জনসমাজগুলি বিশেষভাবে বিপদসঙ্কুল:

- সেই সব জনসমাজগুলি যারা ব্যবস্থাতন্ত্র দ্বারা অধিক প্রভাবিত হয়, তারা সমেত যাদের নিম্নোক্ত অবস্থানগুলি রয়েছে:
 - দারিদ্র্য
 - কর্মসংস্থানের অভাব
 - বিচারব্যবস্থা থেকে প্রাতিষ্ঠানিক সহায়তা লাভের অভাব
 - জনসমাজের মধ্যে যৌন নির্যাতনের প্রতি সাধারণ সহিষ্ণুতা
- ডিজিটাল ও অনলাইন জায়গাগুলি
- শিক্ষার পরিবেশ, বিদ্যালয় ও কলেজ প্রাঙ্গণগুলি সমেত
- বাড়ি
- রাত্রকালীন স্থলগুলি যেমন বার, ক্লাব ইত্যাদি
- গমনাগমনের কেন্দ্র/স্থানগুলি
- কর্মস্থল

পরিসংখ্যান: NYC-তে লিঙ্গ-ভিত্তিক হিংসা

2020-2021 সালে NYC-তে

অন্তরঙ্গ সঙ্গীর দ্বারা আক্রান্ত হবার
সম্ভাবনা পুরুষদের তুলনায় মহিলাদের মধ্যে

3x

বেশি থাকে, যেমনটি (New York City Police Department, NYPD)-র কাছে রিপোর্ট করা হয়েছে।¹



2021

সালটা U.S.-তে TGNCNB
মানুষদের জন্য সবচেয়ে মারাত্মক
একটি বছর ছিল।²

রিপোর্ট করা ঘটনা অনুযায়ী,
2020 থেকে 2021 সাল অবধি
NYC-তে LGBTQ+ পুরুষদের
সাথে পক্ষপাতিত্বপূর্ণ ঘটনা বেড়েছে

154%³

2018 সালে চালানো একটি সমীক্ষায় দেখা গেছে



NYC-র গমনাগমন স্থানগুলিতে হেনস্থা বা
চুরির ঘটনার শিকার হয়েছেন।⁴

2017 সালে চালানো একটি সমীক্ষায় দেখা গেছে



বলেছেন তাদের সমস্যা আচরণ বা পরিষেবা দেওয়া হয়নি
অথবা জনসমক্ষে মৌখিকভাবে বা শারীরিকভাবে হেনস্থা
করা হয়েছে।⁵

2010 থেকে 2021 সাল অবধি,

কৃষ্ণাঙ্গ ও স্পেনদেদীয়
মহিলারা হলেন NYC-তে
অন্তরঙ্গ সঙ্গীর দ্বারা
নিহতদের মধ্যে 57%

যা কিনা
মোট জনসংখ্যার
28%।⁶

1 <https://www1.nyc.gov/assets/ocdv/downloads/pdf/Community-District-FA-IPV-Final-Report-Website.pdf>
2 <https://www.hrc.org/resources/fatal-violence-against-the-transgender-and-gender-non-conforming-community-in-2021>
3 <https://www1.nyc.gov/site/nypd/stats/reports-analysis/hate-crimes.page>
4 https://wagner.nyu.edu/files/faculty/publications/Pink%20Tax%20Survey%20Results_finaldraft4.pdf
5 <https://comptroller.nyc.gov/reports/results-of-a-survey-of-lgbtq-new-yorkers/>
6 <https://www1.nyc.gov/assets/ocdv/downloads/pdf/2022-Annual-FRC-Report.pdf>

জড়িত হোন

বার্তা ছড়িয়ে দিন

হ্যাশট্যাগ #NYCAgainstGBV (GBV-র বিরুদ্ধে NYC) এবং #OrangeTheWorld (বিশ্বকে গোলাপিকরুন) ব্যবহার করে অথবা নিচের গ্রাফিক্সগুলিকে ব্যবহার করে GBV সংক্রান্ত সামাজিক মাধ্যমে চলা অভিযানগুলিকে সমর্থন জানান। 28শে নভেম্বর তারিখে এই অভিযানের আনুষ্ঠানিক রং কমলা রংয়ের পোশাক পরে সচেতনতা প্রসারে সাহায্য করুন এবং এই হ্যাশট্যাগগুলি-সহ সামাজিক মাধ্যমগুলিতে আপনার ছবি পোস্ট করুন। সেই সঙ্গে, 28শে নভেম্বর তারিখে NYC-র কোন কোন ভবন ও স্থানচিহ্নগুলিকে কমলা আলোয় সজ্জিত করা যায় তার খোঁজ করুন।

সামাজিক মাধ্যমের গ্রাফিক্সের নমুনা



একটি অনুষ্ঠানে যোগদান করুন বা তা সংগঠিত করুন

লিঙ্গ-ভিত্তিক হিংসার বিরুদ্ধে 16 দিনের কর্মসূচি-র অংশ হিসেবে আমরা সমস্ত নিউ ইয়র্কবাসীদের ও নিউ ইয়র্ক শহরের সমস্ত সংগঠনগুলিকে একটি সশরীরে বা অনলাইনে উপস্থিত থাকার অনুষ্ঠানের আয়োজন করার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। আমাদের ওয়েবসাইটের (www.nyc.gov/16Days) অনুষ্ঠান দাখিল করার ফর্ম পূরণ করে আপনার দ্বারা অনুষ্ঠিত বিনামূল্যের, সর্বসাধারণের জন্য অনুষ্ঠানটি শহরব্যাপী অভিযানের ক্যালেন্ডারে যোগ করে দিন

গোটা শহর জুড়ে অনুষ্ঠিত হতে চলা অনুষ্ঠানগুলির একটি তালিকার জন্য আমাদের ওয়েবসাইটের (www.nyc.gov/16Days) অভিযান ক্যালেন্ডার দেখুন।

সম্মততা গড়ে তুলুন

আপনার কর্মক্ষেত্রে GBV ও তাদের অন্তর্বিভাগগুলির উপর একটি প্রশিক্ষণ দেবার জন্য ENDGBV-র প্রশিক্ষণ দলের কাছে আবেদন জানান অথবা ENDGBV-র প্রচার দলের সাথে যোগাযোগ করে একটি জনসমাজ-ভিত্তিক কর্মশালা বা অনুষ্ঠান আয়োজনের জন্য সময় নির্ধারণ করুন যা GBV ও তার প্রভাবগুলির ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করে। কীভাবে প্রশিক্ষণের আবেদন (www.nyc.gov/site/ocdv/programs/training-institute.page) করবেন অথবা প্রচার দলের সাথে যোগাযোগ (<https://www1.nyc.gov/site/ocdv/programs/outreach.page>) করবেন সে ব্যাপারে আরও জানুন।

লিঙ্গ-ভিত্তিক হিংসা বন্ধ করতে সাহায্য করার 10টি উপায়

- 1 তথ্যবাহ্যিককে সহায়তা করুন, তার কথা শুনুন, এবং তার উপর বিশ্বাস রাখুন
- 2 GBV-র ব্যাপারে প্রবর্তী প্রজন্মকে শেখান ও যুক্ত করুন, এবং তাদের থেকে শিখুন
- 3 GBV প্রতিক্রিয়া পরিষেবায় কল করুন যারা আপনার জনসমাজের চাহিদাগুলির সুরাহা করে
- 4 সম্মতি উপলব্ধ করুন, এবং যে কোন অন্তরঙ্গ ক্রিয়াকলাপের ক্ষেত্রে তা থাকটা নিশ্চিত করুন
- 5 GBV-র লক্ষণগুলির ব্যাপারে এবং আপনি কীভাবে সাহায্য করতে পারেন তা জানুন
- 6 আপনার জনসমাজের মধ্যে GBV নিয়ে কথাবার্তা শুরু করুন
- 7 উপলভ্য সাহায্য কীভাবে খুঁজে নেবেন সে সংক্রান্ত সংস্থান ও তথ্যগুলিকে হাতে রাখুন।
- 8 সেই সব সংগঠনগুলিকে শক্তি ও সমর্থন জোগান যারা GBV প্রতিরোধ করে ও তা নিয়ে কাজ করে
- 9 নিজেকে ও অন্যদের জবাবদিহি করুন
- 10 GBV সংক্রান্ত ডেটা সম্পর্কে নিজেকে অবহিত রাখুন এবং আরও ডেটা চান

*UN Women (<https://www.unwomen.org/news/stories/2020/11/compilation-take-action-to-help-end-violence-against-women>) থেকে গৃহীত

তথ্যবাহ্যিককে সহায়তা জোগান, তার কথা শুনুন এবং তার উপর ভরসা রাখুন আপনি আপনার জীবনে কীভাবে GBV-র শিকার বা উত্তরজীবী ব্যক্তিদের সহায়তা প্রদান করবেন?

- আপনি বা অন্য কেউ যদি আশু বিপদের সম্মুখীন হন তাহলে সঙ্গে-সঙ্গে 911 নম্বরে কল করুন। মনে রাখবেন এর ফলে পুলিশের তরফে প্রতিক্রিয়া আসবে।
- আপনাকে যিনি জানাচ্ছেন তার উপর বিশ্বাস করুন। কোন সিদ্ধান্তে না পৌঁছে বা কোন পরামর্শ না দিয়ে তার কথা শুনুন:
 - ওই ব্যক্তিকে কোন সিদ্ধান্ত নেবার জন্য চাপ দেবেন না।
 - আপনার সহায়তার বিনিময়ে কোন শর্ত চাপাবেন না।
 - ওই ব্যক্তিকে কোনভাবে নিজের ক্ষতিসাধন করতে দেবেন না। নিজের ক্ষতিসাধন করা ব্যক্তির আবার সাথে কথা বলার সম্ভাবনা অনেক কমে যাবে।
- সহানুভূতিশীল ভাষা বা বিবৃতি ব্যবহার করুন যেমন:
 - “আপনার কোন দোষ নেই, আপনার এটা প্রাপ্য নয়?”
 - “আজ আপনাকে আমি কীভাবে সাহায্য করতে পারি?”
 - “আমি আপনার নিরাপত্তা নিয়ে চিন্তিত, আপনার কীসে নিরাপদ লাগবে বলে আপনি মনে করেন?”
- নিজের পক্ষপাতগুলিকে সংবরণ করুন:
 - লিঙ্গ-নিরপেক্ষ ভাষা ব্যবহার করুন, যেমন ‘মহিলা’ না বলে ‘তারা’, অথবা ‘পুরুষ বন্ধু’ না বলে ‘সঙ্গী’ বলুন।
 - আপনার মুখের ভাবভঙ্গি ও শরীরীভাষার ব্যাপারে সতর্ক থাকুন।
 - ওই ব্যক্তির ধর্ম বা সংস্কৃতিকে দোষারোপ বা সমর্থন করা থেকে বিরত থাকুন।
- পীড়িত ব্যক্তিকে দোষারোপমূলক ভাষা ব্যবহার থেকে বিরত থাকুন, যেমন:
 - “আপনি কেন ওদের এভাবে আচরণের সুযোগ দেবেন?”
 - “আপনি কী করেছিলেন যে আপনার সাথে এমনটা ঘটল?”
 - “আপনি কেন চলে আসেননি, অথবা আপনি আরও আগে কেন সাহায্য চাননি?”
- তারা প্রস্তুত হবার পর তাদেরকে সেই সব ব্যক্তিদের সাথে কথা বলতে উৎসাহিত করুন যারা তাদের সাহায্য করতে পারেন:
 - তাদের গোপনীয়তা ও নিজদের নিরাপত্তার ব্যাপারে তাদের ব্যক্তিগত উদ্বেগের প্রতি শ্রদ্ধাশীল হোন।
 - তাদের নিজদের পছন্দ-অপছন্দের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হোন, এমনকি আপনি তার সাথে একমত না হলেও।
 - ধৈর্য রাখুন এবং তারা যদি এমন পরিস্থিতিতেই থাকতে চান যেখানে হিংসার ঘটনা আবারও ঘটতে পারে তাহলেও তাদের সহায়তার প্রস্তাব দিয়ে যেতে থাকুন।
- নির্ধারিত শিকার হচ্ছে এমন ব্যক্তিদের নির্ভযোগ্য উৎসগুলির তথ্য দিন, যদি তারা তা চান। তাদের NYC Hope-এর ব্যাপারে জানান, যা NYC-র অনলাইন সংস্থানের তথ্যপঞ্জী যেখান থেকে তারা ওয়েব মারফৎ, www.nyc.gov/nycchope, এবং 800-621-4673 ফোন মারফৎ, বিনামূল্যে ও গোপন তথ্য ও পরিষেবাগুলির জন্য পারিবারিক ন্যায়বিচার কেন্দ্রগুলি ও প্রতিবেশী অঞ্চলের অন্যান্য সংস্থানগুলির খোঁজ পাবেন।

সংস্থানসমূহ

NYC HOPE

NYC HOPE (www.nyc.gov/nychope) হল একটি অনলাইন সংস্থানের তথ্যপঞ্জী যাতে জনসমাজ-ভিত্তিক সংগঠনগুলি সংক্রান্ত তথ্য রয়েছে যারা পাঁচটি বোরোর সবকটিতেই পারিবারিক ও লিঙ্গ-ভিত্তিক হিংসার শিকার ব্যক্তিদের নিয়ে কাজ করে।

এই তথ্যপঞ্জীটি নিম্নোক্ত অনুযায়ী খোঁজা যেতে পারে:

- বোরো
- উপলভ্য পরিষেবাগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, যদিও শুধু তাতেই সীমাবদ্ধ থাকে না, আশ্রয়জনিত সহায়তা, কাউন্সেলিং, আইনি পরিষেবাসমূহ, জরুরিকালীন আর্থিক সহায়তা
- বিশেষতঃ সংগঠনগুলি সেই সব নির্দিষ্ট জনগোষ্ঠীকে সাহায্য দিয়ে থাকে যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, যদিও শুধু তাতেই সীমাবদ্ধ থাকে না, LGBTQ+ ব্যক্তিবর্গ, পাচার হওয়া উত্তরজীবী ব্যক্তিবর্গ, তরণ-তরণী, অভিবাসীগণ
- এখানে যে সব ভাষায় পরিষেবা দেওয়া হয় তার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, যদিও শুধু তাতেই সীমাবদ্ধ থাকে না, স্পেনীয়, চীনা (ম্যান্ডারিন, ক্যান্টোনিজ এবং তাইওয়ানি), রুশ, বাংলা, হাইতীয় ফ্রেঞ্চ, কোরিও, আরবি, উর্দু, ফরাসি, পোলিশ
- সশরীরে, অনলাইনে, অথবা হুইলচেয়ারে উপস্থিত থাকা যায় এমন সব স্থান

অনলাইনে NYC HOPE-এ প্রবেশ করুন:

www.nyc.gov/nychope

NYC-র 24/7 হটলাইনে কল করুন:

800-621-4673

তাৎক্ষণিক নিরাপত্তা পরিকল্পনা, আশ্রয় সহায়তা, এবং অন্যান্য সংস্থানগুলির জন্য।

NYC পারিবারিক ন্যায়বিচার কেন্দ্রসমূহ

NYC-র পারিবারিক ন্যায়বিচার কেন্দ্রসমূহ (Family Justice Centers, FJCs) (www1.nyc.gov/ocdv/programs/family-justice-centers.page) পারিবারিক ও লিঙ্গ-ভিত্তিক হিংসার শিকার ও উত্তরজীবী ব্যক্তিদের জন্য বিনামূল্যে ফোন মারফৎ বা সশরীরে উপস্থিত থেকে পরিষেবা ও গোপন সহায়তা প্রদান করে। ভাষা, আয়, লিঙ্গ পরিচিতি, বা অভিবাসন অবস্থা নির্বিশেষে সকলে স্বাগত।

সশরীরে উপস্থিত থেকে পরিষেবাগুলির জন্য, আপনি একটি সময় নির্ধারণের জন্য FJC-তে কল করতে পারেন (সোমবার-শুক্রবার, সকাল 9টা – বিকাল 5টা) অথবা আপনি যদি দূরস্থিত পরিষেবাগুলিতে নিরাপদে বা কার্যকরীভাবে যুক্ত হতে অপারগ হন তাহলে আপনার নিকটবর্তী FJC-তে সশরীরে উপস্থিত হোন।

দূরস্থিত পরিষেবাগুলির জন্য, আপনি 311 নম্বরে কল করতে পারেন, অথবা নিচে তালিকাভুক্ত সেই সব নম্বরগুলিতে কল করতে পারেন যেগুলি আপনাকে আপনার নিকটবর্তী FJC-এর সাথে যোগাযোগ করিয়ে দেবে। যদি চাওয়া হয় এবং তা করা যদি নিরাপদ বলে আপনি মনে করেন, তাহলে দয়া করে একটি বার্তা রাখুন এবং কেউ একজন আপনাকে ফিরতি কল করবেন।

BRONX

NYC FAMILY JUSTICE CENTER
198 EAST 161ST STREET, 2ND FL.
(718) 508-1220

QUEENS

NYC FAMILY JUSTICE CENTER
126-02 82ND AVENUE
(718) 575-4545

BROOKLYN

NYC FAMILY JUSTICE CENTER
350 JAY STREET, 15TH FL. (718)
250-5113

STATEN ISLAND

NYC FAMILY JUSTICE CENTER
126 STUYVESANT PLACE
(718) 697-4300

MANHATTAN

NYC FAMILY JUSTICE CENTER
80 CENTRE STREET, 5TH FL.
(212) 602-2800

16

লিঙ্গ-ভিত্তিক হিংসার বিরুদ্ধে

দিনের



সক্রিয়তা

WWW.NYC.GOV/16DAYS

NYC

লিঙ্গ-ভিত্তিক পারিবারিক
হিংসা বন্ধে মেম্বরের দপ্তর



@NYCENDGBV

NYC

লিঙ্গ-সমতা বিষয়ক
কমিশন



@GENDEREQUITYNYC



@NYCGENDEREQUITY



সমতা

বিষয়ক মেম্বরের দপ্তর

NYC



@EQUITYNYCGOV